স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২৩. ২২৮৯ তারিখঃ ১৭/০৫/২০২৩ খ্রিঃ।

**বিষয়ঃ <u>পোল নাম্বারিং করণের নিমিত্তে রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।</u>**

প্রতি,

------------------------------

------------------------------

------------------------------

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা ও শর্ত অনুযায়ী পোল নাম্বারিং করণের জন্য প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদারী/সেবাপ্রদানকারী বাংলাদেশী নিয়োজিত প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে

| দরপত্র নং | ক্র: নং | আইটেমের বিবরণ | একক | পরিমাণ (টি) | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|
| ৪১/২০২২-২০২৩ | ১ | **<u>পোল নাম্বারিং:</u>**<br>শৈলকুপা ৩৩ কেভি এবং শৈলকুপা-২ (নাগিরহাট) উপকেন্দ্র ১১ কেভি ফিডারে পোল নাম্বারিং করণঃ<br><br>০১) ঝিনাইদহ গ্রীড ৩৩ কেভি ফিডার-৩৪৪ টি<br>০২) শৈলকুপা-২, ১ এ ফিডার-২৬৬ টি<br>০৩) শৈলকুপা-২, ৩সি ফিডার-১৮০০ টি<br>০৪) শৈলকুপা-২, ৪ডি ফিডার-৭০০ টি<br>০৫) শৈলকুপা-২, ৫ই ফিডার-১০০০ টি<br>০৬) শৈলকুপা-২, ৬ এফ ফিডার-১৯৫০ টি<br><br>সর্বমোট = পোল সংখ্যা- ৬০৬০ টি<br>(সমিতির নির্দেশনা অনুযায়ী) | টি | ৬০৬০<br>(ছয় হাজার ষাট) | প্রধান কার্যালয়,<br>ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি<br>রাউতাইল, ঝিনাইদহ। |

০১) দরপত্রসমূহ আগামী **২৪/০৫/২০২৩খ্রিঃ** তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: পঃ (পঃ অঃ) পরিদপ্তর,বাপবিবোর্ড,ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ-এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ **২৪/০৫/২০২৩খ্রিঃ** তারিখ সকাল ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানসমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩) খামের উপর **"পোল নাম্বারিং করণের দরপত্র"** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৪) দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরণ করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০৫) কার্যাদেশ প্রদানের ৬০ (ষাট) দিনের মধ্যে পোল নাম্বারিং এর কাজ সম্পন্ন করতে হবে।

০৬) পোল নাম্বারিং এর সময় Road Mark Colour এবং Thiner একই ব্রান্ডের ব্যবহার করতে হবে। সাদা রং এর ব্যাক গ্রাউন্ড এর উপর লাল এর অক্ষর লিখতে হবে এবং মাটি থেকে ০৭(সাত) ফুট উচ্চতায় পোল নাম্বারিং করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে Road Mark Colour, Thiner ও আনুসাঙ্গিক যাবতীয় মালামাল সরবরাহ করতে হবে। পবিস হতে কোনরূপ মালামাল সরবরাহ করবে না।

০৭) এক লাইন লেখার জন্য প্রস্থ ৭৬ মিঃমিঃ দুই লাইনের জন্য ১৪০ মিঃমিঃ, তিন লাইনের জন্য ২০৫ মিঃমিঃ ও অক্ষরের সাইজ ৪০ মিঃমিঃ হতে ৫০ মিঃমিঃ হতে হবে এবং লেখার দৈর্ঘ্য পোলের পরিধির চেয়ে বড় হবে না। এছাড়া বাপবিবোর্ডের অন্যান্য নির্দেশনা অনুযায়ী পোল নাম্বারিং এর কাজ সম্পন্ন করতে হবে।

০৮) পবিস হতে সরবরাহকৃত নম্বর অনুযায়ী পোল নাম্বারিং করতে হবে।

০৯) পোল নাম্বারিং কাজের গুণগতমানের সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১০) যথাসময়ে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১১) পোল নাম্বারিং কাজের সঠিকতা যাচাই-বাছাই কালে কোন ত্রুটি/ভুলভ্রান্তি পাওয়া গেলে তা কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে সংশোধন করতে হবে।

১২) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১৩) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৪) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

( প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩) পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ঝিনাইদহ।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, ঝিনাইদহ।
১০) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
১১) ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/ কালীগঞ্জ/ হরিণাকুন্ডু/ সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
১২) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/ হাটফাজিলপুর/ বারোবাজার সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
১৩) এজিএম (অর্থ/এইচআর/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি, ঝিনাইদহ পবিস।
১৪) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস- **(বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১৫) মেসার্স------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
১৭) দাপ্তরিক নথি।

( প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম )
জেনারেল ম্যানেজার